



**সতর্কবার্তাঃ ০৮**  
**২৮ ফেব্রুয়ারী - ০৬ মার্চ ২০২২**

**বাংলাদেশে গমের পাতার মরিচা রোগ/রাস্ট রোগের পরামর্শ**

**মূলবার্তা**

বাংলাদেশে গম আবাদ অঞ্চল সমূহের মাঠে গমের পাতার মরিচা রোগের প্রাদুর্ভাব পরিলক্ষিত হচ্ছে। তবে এখন পর্যন্ত এই রোগের সংক্রমণ খুবই সামান্য। তাপমাত্রা বাড়ার সাথে সাথে রোগের বিস্তার বাড়তে পারে।

**পরামর্শ**

বর্তমান আবহাওয়ায় বাংলাদেশের গম আবাদ অঞ্চল সমূহে এই রোগের সংক্রমণের ঝুঁকি মাঝারী থেকে উচ্চ পর্যায়ে রয়েছে। তাপমাত্রা বাড়ার সাথে সাথে এই রোগের বিস্তার বাড়তে পারে। সংবেদনশীল জাত যেমনঃ বারি গম ২৪, বারি গম ২৫ এবং বারি গম ২৬ এ রোগের উপস্থিতি বেশি পরিলক্ষিত হচ্ছে।

**সুপারিশ**

কৃষকের মাঠে গমের পাতার মরিচা রোগ দেখা গেলে এবং সংবেদনশীল জাত (যেমনঃ বারি গম ২৪, বারি গম ২৬) হলে এই রোগ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। প্রয়োজনীয় পরামর্শের জন্য নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।